

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং-খাদ্যম/ত্রাক-৩/০৫/২০০৭-২২৫৯

২৪ বৈশাখ, ১৪১৪
তারিখ : -----
০৭ মে, ২০০৭

পরিপত্র

বিষয় : কম্বল/চাঁদর/শীতবস্ত্র বরাদ্দ/বন্টনের নীতিমালা।

ইতোপূর্বে কম্বল, চাঁদর ও শীতবস্ত্রের কোন নীতিমালা বা পরিপত্র ছিল না। যেহেতু প্রায় প্রতি বছরই দুঃস্থদের মধ্যে শীতবস্ত্র বিতরণ করতে হয় সেহেতু একটি নীতিমালা/পরিপত্র থাকা আবশ্যিক মর্মে উপস্থিত সকল সদস্য একমত পোষণ করেন। বিস্তারিত আলোচনার পর সিদ্ধান্ত গৃহীত হয় যে, মহাপরিচালক, ত্রাণ ও পুনর্বাসন অধিদপ্তরের চাহিদার প্রেক্ষিতে অর্থ মন্ত্রণালয় হতে অর্থ উপযোজনের মাধ্যমে টাকা প্রাপ্তির পর প্রাপ্ত টাকা মহাপরিচালক, ত্রাণ ও পুনর্বাসন অধিদপ্তর বরাবর ন্যাস্ত করা হবে। মহাপরিচালক, ত্রাণ ও পুনর্বাসন অধিদপ্তর উক্ত টাকা হতে জেলা প্রশাসকগণের চাহিদা ও শীত প্রবণ এলাকা এবং জনসংখ্যার ভিত্তিতে জেলা প্রশাসকগণের অনুকূলে মোট থোক বরাদ্দের ৬০% টাকা বরাদ্দ প্রদান করবেন। জেলা প্রশাসকগণ স্থানীয়ভাবে কম্বল/চাঁদর/শীতবস্ত্র ক্রয় করে প্রয়োজন মাফিক দুঃস্থ জনসাধারণের মধ্যে বিতরণ করবেন। অবশিষ্ট ৪০% টাকা হতে জরুরী অবস্থা মোকাবেলার জন্য মহাপরিচালক, ত্রাণ ও পুনর্বাসন অধিদপ্তর কম্বল/চাঁদর/শীতবস্ত্র কেন্দ্রীয়ভাবে ক্রয় করে সংরক্ষণ করবেন। উক্ত ৪০% টাকার শীতবস্ত্র জরুরী প্রয়োজনে দুর্যোগ মোকাবেলায় মন্ত্রণালয়ের অনুমোদন নিয়ে মহাপরিচালক, ত্রাণ ও পুনর্বাসন অধিদপ্তর বিতরণ করতে পারবেন।

২। মহাপরিচালক, ত্রাণ ও পুনর্বাসন অধিদপ্তর জেলা প্রশাসকগণের নিকট সরকারী অর্থ মঞ্জুরী আদেশ জারী করবেন এবং হিসাব সংরক্ষণ করবেন। মঞ্জুরী আদেশের একটি কপি মন্ত্রণালয়ে প্রেরণ করবেন।

স্বাক্ষরিত/-
০৭/০৫/২০০৭
(মোহছেনা ফেরদৌসী)
যুগ্ম-সচিব(দুঃব্যঃ)।

নং-খাদ্যম/ত্রাক-৩/০৫/২০০৭-২২৫৯/১(৯১৫)

তারিখ : ০৭/০৫/২০০৭

বিতরণ : অবগতি ও কার্যার্থে :

- ১। মন্ত্রিপরিষদ সচিব/প্রধান উপদেষ্টার মূখ্য সচিব।
- ২। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
- ৩। বিভাগীয় কমিশনার (সকল)
- ৪। মহাপরিচালক, ত্রাণ ও পুনর্বাসন অধিদপ্তর, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ৯২-৯৩, মহাখালী, ঢাকা।
- ৫। জেলা প্রশাসক (সকল)।
- ৬। মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়।
- ৭। মাননীয় মেয়র এর একান্ত সচিব, (সকল)।
- ৮। সচিব মহোদয়ের একান্ত সচিব, খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়।
- ৯। চেয়ারম্যান, পৌরসভা, (সকল)।
- ১০। উপজেলা নির্বাহী অফিসার, (সকল)।
- ১১। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা (সকল)।
- ১২। যুগ্ম-সচিব(দুঃব্যঃ)/উপ-সচিব (ত্রাক-২)-এর ব্যক্তিগত কর্মকর্তা, খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়।

(মোঃ আমির হোসেন)
সিনিয়র সহকারী সচিব (ত্রাক-৩)